# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

ECHO OF HIS CALL SINCE 1969 — 1969 to 2029 — REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

**Vol. XXVIII** YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 FEBRUARY **No 01**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৩৪:১৫-২২

১৫। সদাপ্রভুর দৃষ্টি ধার্মিকদের প্রতি রয়েছে, এবং তাদের আর্তনাদে তিনি কর্ণপাত করেন;

১৬। কিন্তু সদাপ্রভুর মুখ তাদের বিরুদ্ধে যারা দুষ্কর্ম করে, তিনি তাদের স্মৃতি পৃথিবী থেকে মুছে ফেলবেন।

১৭। ধার্মিকরা কেঁদে ওঠে, আর সদাপ্রভু শোনেন; তিনি তাদের সকল সঙ্কট থেকে মুক্ত করেন।

১৮। সদাপ্রভু ভগ্নচিত্তদের নিকটে, এবং যারা অন্তরে চূর্ণবিচূর্ণ, তাদের তিনি উদ্ধার করেন।

১৯। ধার্মিক ব্যক্তি অনেক দুর্ভোগের সম্মুখীন হয়, কিন্তু সদাপ্রভু তাকে সেইসব থেকে মুক্ত করেন;

২০। তিনি ধার্মিকের হাড়গোড় রক্ষা করেন, তাদের মধ্যে একটিও ভাঙ্গে না।

২১। দুষ্কর্মই দুষ্টকে বিনাশ করবে; ধার্মিকের শত্রুরা শাস্তি পাবে।

২২। সদাপ্রভু তাঁর দাসদের মুক্ত করবেন; যারা তাঁর শরণাগত, তাদের কেউই দোষী সাব্যস্ত হবে না।

## আপনার সম্পূর্ণ সমর্পণ আপনাকে আশীর্ব্বাদের উপচয়ে নিয়ে যাবে !

**YOUR COMPLETE SURRENDER WILL LEAD TO ABUNDANT BLESSINGS!**

*Sis. Angeline*





আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

আমার বিশ্বাস ও প্রার্থনা যে আপনাদের জানুয়ারী মাস আশীর্ব্বাদযুক্ত ছিল এবং বছরের শক্তিশালী সূচনা ছিল। অনেকের কাছে জানুয়ারী মাসটি বিভিন্ন উপায়ে চ্যালেঞ্জিং হতে পারে। আমার প্রার্থনা হচ্ছে ২০২৬ সালের যাত্রায় শান্তি, অনুগ্রহ, এবং ঈশ্বরের শক্তি অবিরত আপনাদের সহবর্তী হবে।

একটি উত্তম সূচনা গুরুত্বপূর্ণ, কিন্তু আরও অধিক গুরুত্বপূর্ণ হচ্ছে কীভাবে আমরা শেষ করছি। আমি প্রার্থনা করি যে এ বছরটি যীশু খ্রীষ্ট ফলপ্রসূ এবং বিজয়ী করবেন, এবং ২০২৬ সালটি সূচনার থেকে আরও অধিক গৌরবময় এবং আশীর্ব্বাযুক্ত হবে।




(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

**Every day – From 2.00 A.M.**

৫ মিনিটের বাণী !!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

আহ্বানের প্রতিধ্বনি - (Marching towards 60th year)
Estd. 1969



## from your dearly beloved brother...



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.
EDITOR, PUBLISHER & PRINTER

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

" সদাপ্রভু এমন করবেন যাতে তোমরা সকলের মাথার উপরে থাকো, পায়ের তলায় নয়"

(দ্বি.বি. ২৮:১৩)।

খ্রীষ্টে প্রিয় ভাই ও বোনেরা,

আমাদের প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের মহামূল্যবান নামে আপনাদের প্রীতি ও শুভেচ্ছা জানাই।

গত মাসে ঈশ্বর আমাদের সমস্ত পরিচর্যাগুলিকে অনুগ্রহপূর্ণভাবে আশীর্বাদ করেছেন। আমরা যখন এই মাসে প্রবেশ করেছি, আমাদের অনেক বাইরের ক্ষেত্র আছে এবং স্থানীয় পরিচর্যাগুলি সম্পূর্ণতার জন্য অপেক্ষা করছে।



*সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে বড়দিনের অনুষ্ঠান*

আমাদের সেক্রেটারী, ডঃ. পি.ই.আর. প্রেমচাঁদ, আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে আয়োজিত বড়দিনের অনুষ্ঠানে ঈশ্বরের বাক্য পরিবেশন করেন। এছাড়াও আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীরা এবং আমাদের মণ্ডলীর বিশ্বাসীরা সারা ডিসেম্বর মাস ব্যাপী বিভিন্ন আউটরীচ্ পরিচর্যাগুলি সম্পাদন করেছে।

গত বছর, আমরা আমাদের উল্লেখযোগ্য ইউ টিউব পরিচর্যার বৃদ্ধির সাক্ষী হয়েছিলাম। এই সমস্ত বাণীগুলির মাধ্যমে সারা পৃথিবীর অসংখ্য লোক আশীর্বাদ লাভ করেছিলেন। আপনাদের কাছে আমাদের সবিনয় নিবেদন যে আমাদের যে সমস্ত কর্মীরা এই পরিচর্যা কাজের সঙ্গে যুক্ত তাদের জন্য প্রার্থনা করুন।



*ইউটিউব পরিচর্যার কর্মী দল*

এছাড়াও আমরা বিশেষ করে হিন্দীভাষী প্রান্তিক কর্মীদের জন্য মণ্ডলীতে হিন্দী পরিচর্যার উদ্যোগ গ্রহণ করেছি। সন্ধ্যা ৭টায় হিন্দী প্রার্থনা-সভার আয়োজন করা হচ্ছে। আমরা এই অর্থপূর্ণ এবং অতি প্রয়োজনীয় পরিচর্যার জন্য আপনাদের আন্তরিক প্রার্থনার অনুরোধ করছি।

অনুগ্রহ করে আমাদের পরিচর্যার এবং অফিসের কর্মীদের আপনাদের প্রার্থনায় স্মরণ করবেন, যেহেতু তারা বিভিন্ন কষ্ট এবং চ্যালেঞ্জ সত্ত্বেও অবিরত উদারভাবে কাজ চালিয়ে যাচ্ছে।

আপনাদের মূল্যবান প্রার্থনা এবং উদার আর্থিক সাহায্যে আমাদের সমস্ত পরিচর্যা কাজগুলির উন্নতি হচ্ছে।

ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সহবর্তী। আমেন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,
**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

**একজন রাজা যিনি উত্তমরূপে শুরু করেছিলেন কিন্তু উত্তমরূপে শেষ করতে পারেননি!**

এই সত্য অমৎসিয় রাজার কথা স্মরণ করিয়ে দেয় যিনি তাঁর যাত্রা বলিষ্ঠভাবে শুরু করেছিলেন, কিন্তু তাঁর শেষ পরিণতি ছিল মর্মান্তিক। শাস্ত্র স্পষ্টভাবে এটা প্রকাশ করে:

"সদাপ্রভুর দৃষ্টিতে যা যা ভালো, অমৎসিয় তাই করলেন, তবে মনপ্রাণ ঢেলে দিয়ে তা করেননি" (২ বংশা ২৫:২)।

## অমৎসিয় কে ছিলেন?

■ অমৎসিয় যোয়াশ রাজার পুত্র ছিলেন, যিনি সাত বছর বয়েসে রাজা হয়েছিলেন।

■ তিনি যিহূদার নবমতম রাজা ছিলেন।



*যিহূদার নবমতম রাজা*

■ ২ রাজা ১৪ এবং ২ বংশাবলি ২৫ অধ্যায়ে তাঁর কাহিনী নথিভুক্ত আছে।

বাইবেল আমাদের বেশ কিছু উল্লেখযোগ্য কথা বলে- এবং এটি অত্যন্ত গভীর চিন্তার বিষয়।

**তিনি প্রভুর দৃষ্টিতে যা কিছু সঠিক তা করেছিলেন। ...কিন্তু মনপ্রাণ ঢেলে দিয়ে তা করেননি।**

■ মন প্রাণ ঢেলে দিয়ে ঈশ্বরের সেবা করার অর্থ কী?

■ ঈশ্বরের সম্মুখে যা কিছু ন্যায্য তা করা এবং তথাপি সম্পূর্ণরূপে সমর্পিত না হওয়া কি সম্ভব?

■ বাহ্যিকভাবে কি ঈশ্বরের সেবা করতে পারা যায় যখন আমাদের হৃদয় দ্বিধা বিভক্ত থাকে?

শাস্ত্রের মধ্যে অমৎসিয় রাজাদের মধ্যে সব থেকে মর্মান্তিক রাজা ছিলেন-তিনি মন্দ ছিলেন বলে নয়, কিন্তু তিনি প্রায় উত্তম,আংশিকভাবে বাধ্য, এবং দ্বিধাবিভক্ত হৃদয় যুক্ত ছিলেন।

- **তিনি বাধ্য ছিলেন**
- **তিনি উত্তম কাজ করেছিলেন**
- **তিনি ঈশ্বরের আজ্ঞাগুলি পালন করেছিলেন**

তথাপি সেই হৃদয় সম্পূর্ণ সমর্পিত ছিল না।

এটি কেবল অমৎসিয়ের গল্প নয় - এটি আজকের দিনের অসংখ্য বিশ্বাসীদের কাহিনী। আমরা ঈশ্বরকে ভালোবাসি। আমরা তাঁকে অনুসরণ করি। তথাপি আমারে জীবন কিছু কিছু স্থানে আমরা তাঁর কাছ থেকে নিজেদের সরিয়ে রাখি।

- আমরা চার্চে যোগদান করি
- বিশ্বস্তভবে সেবা করি
- কল্যাণমূলক কাজে দান করি
- অভাবী লোকদের সাহায্য করি
- অনেক বিষয়ে বাধ্য হই

কিন্তু জরুরী প্রশ্নটি হচ্ছে:

ঈশ্বরের সম্মুখে আমাদের হৃদয় কোথায় থাকে?

আমার বাবা প্রায়ই বলতেন, "আংশিক বাধ্যতা সম্পূর্ণ অবাধ্যতা।"

এই বছরের শুরুতে, আমরা যদি ২০২৬ উত্তমরূপে শেষ করতে চাই তাহলে আমাদের অবশ্যই নিজেদের প্রশ্ন করতে হবে:

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

"আমি কি মনপ্রাণ দিয়ে যা কিছু ন্যায্য তা করছি,নাকি করছি না?

## অমৎসিয়ের জীবন থেকে শিক্ষা

যিহূদা এবং ইস্রায়েলের রাজাদের জীবনের ওপর ধ্যান করতে আমি ভালোবাসি। তাদের কাহিনীগুলো আমাদের নিজেদের জীবনের জন্য শক্তিশালী বিভিন্ন শিক্ষা এবং দর্পণ দেয়। অমৎসিয় উত্তমরূপে শুরু করেছিলেন,কিন্তু তার জীবনে কিছু ভুল হয়েছিল - এবং এর জন্য তাকে মারাত্মক পরিণতি ভোগ করতে হয়েছিল।







অমৎসিয় উত্তমরূপে শুরু করেছিলেন, কিন্তু উত্তমরূপে শেষ করেননি

### ১। প্রতিশ্রুতিবদ্ধতা

**অমৎসিয় উত্তমরূপে শুরু করেছিলেন!**

*২ বংশাবলি ২৫:১-১০*

**"সদাপ্রভুর দৃষ্টিতে যাহা ন্যায্য, অমৎসিয় তাহা করিতেন, তথাপি আপন পিতৃপুরুষ দায়ূদের ন্যায় করিতেন না; তিনি আপন পিতা যোয়াশের সমস্ত কার্য্যানুসারে কার্য্য করিতেন"** (১ রাজা ১৪:৩)।



*অমৎসিয় দায়ূদের ন্যায় কার্য্য করিতেন না, তিনি সমস্ত কিছুতে তাঁর পিতা যোয়াশের উদাহরণ অনুসরণ করতেন।*

অমৎসিয়ের সূচনা ছিল অত্যন্ত বলিষ্ঠ এবং তিনি বিভিন্ন বিষয়ে বাধ্যতা প্রদর্শন করেছিলেন:

### (ক) ঈশ্বরের বাক্যের প্রতি এবং ন্যায় বিচারের প্রতি তাঁর বাধ্যতা!

সিংহাসনে অধিষ্ঠিত হওয়ার পর, যারা তাঁর পিতাকে হত্যা করেছিল, তিনি সেই সমস্ত কর্মকর্তাদের হত্যা করেছিলেন। যাইহোক, তিনি ঈশ্বরের ব্যবস্থার বাধ্য হয়ে তাদের সন্তানদের হত্যা করেননি:

**"বাবার পাপের জন্য ছেলেমেয়েদের মেরে ফেলা যাবে না"** (দ্বি.বি. ২৪:১৬)। এর জন্য সাহসের প্রয়োজন। তিনি প্রতিশোধের ভয়ে ভীত হতে পারতেন, কিন্তু তিনি বাধ্যতা মনোনীত করেছিলেন। (২ রাজা ১৪:৬)

তিনি উত্তমরূপে শুরু করেছিলেন!

### (খ) ব্যক্তিগত ক্ষতি সত্ত্বেও বাধ্যতা!

অমৎসিয় ইস্রায়েল থেকে ১০০,০০০ সৈন্য ভাড়া করেছিলেন,যা ছিল অত্যন্ত দামী বিনিয়োগ। ভাববাদী যখন তাঁকে ঐ সৈন্যদের ব্যবহার না করার পরামর্শ দিয়েছিলেন, তখন অমৎসিয় একটি আন্তরিক প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন:



*তবে যে একশো তালন্ত আমি এই ইস্রায়েলী সৈন্যদলকে দিয়েছি তার কী হবে?*

**"তবে যে একশো তালন্ত আমি এই ইস্রায়েলী সৈন্যদলকে দিয়েছি, তার কী হবে?"** (২ বংশাবলি ২৫:৯)

**ভাববাদী উত্তর দিয়েছিলেন, "সদাপ্রভু আপনাকে এর চেয়েও অনেক বেশি দিতে পারেন"** (২ বংশাবলি ২৫:৯)।

বাধ্যতার জন্য তাঁকে অনেক মূল্য দিতে হলেও ,অমৎসিয় শুনেছিলেন। তিনি সৈন্যদের ঘরে পাঠিয়ে দিয়েছিলেন এবং ঈশ্বরের উপর আস্থা রেখেছিলেন। বাধ্যতার জন্য সর্বদা মূল্য দিতে হয় - কিন্তু অবাধ্যতার জন্য আরও অনেক বেশি মূল্য দিতে হয়।

আর এই বিচারে, অমৎসিয় একজন ধার্মিক রাজা হিসাবে আবির্ভূত হয়েছিলেন, এবং ঈশ্বর তাঁকে সম্মানিত করেছিলেন।

(ক্রমশঃ, ৬ পাতায়)

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1989

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ফেব্রুয়ারী থেকে ১৮ই মার্চ ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**ফেব্রুয়ারী ১৯ :** আমাদের অপূর্ব মিডিয়া দলটির জন্য যারা আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলটী মসৃণভাবে সম্প্রচারিত করতে সাহায্য করছেন।

**দিন ২০:** আমাদের অংশীদারদের নৈতিক এবং আর্থিক সাহায্যের দ্বারা আমাদের আশীর্বাদের জন্য।

**দিন ২১:** আমাদের ২০২৬ সালের মাসিক ক্যালেণ্ডার এবং প্রমিসকার্ড ছাপানো এবং পাঠানোর কাজ সম্পূর্ণ করার জন্য তাঁর অনুগ্রহের জন্য।

**দিন ২২:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলিতে এবং সেন্টপলস্ ম্যাট্রিক্‌কুলেশন স্কুলে বড়দিন এবং নতুন বছরের অনুষ্ঠানগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের মণ্ডলীর সমস্ত কার্যকলাপগুলিতে ইয়ুথদের উদ্যমসহ অংশগ্রহণকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৪:** বহুভাষী সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছানোর ক্ষেত্রে আমাদের মিডিয়া পরিষেবা এবং ইউ টিউব চ্যানেলকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আরও অধিক সুসংগঠিতভাবে কাজ করার জন্য আমাদের মণ্ডলী পরিষেবাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ২৮:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার কর্মী এবং তাদের পরিবারগুলিকে সুস্বাস্থ্য এবং স্বর্গীয় সুরক্ষা দানের জন্য।

**মার্চ ০১:** আমাদের বাইবেলকোর-ডাকযোগে বাইবেল পাঠক্রম এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের বৃদ্ধির জন্য ঈশ্বরের প্রশংসা করুন।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীর ও শাখামণ্ডলীগুলির রবিবাসরীয় উপাসনাগুলিতে ঈশ্বরের বাক্যের শক্তি প্রকাশিত হওয়ার জন্য।

**দিন ০৩:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ৪:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, শিক্ষক/শিক্ষিকা,এবং অন্যান্য কর্মী সদস্যদের আশীর্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**মার্চ ০৫:** খ্রীষ্টিন প্রচারকগণ যেন বিনা পরিবর্তন করে ঈশ্বরের বাক্য যথার্থভাবে প্রচার করতে পারেন।

**দিন ৬:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য আবাসিক নহিমিয় বাইবেল কলেজ এবং সান্ধ্য বাইবেল কলেজগুলিতে যেন যোগ্য শিক্ষার্থীরা ভর্তি হয়।

**দিন ৭:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের নতুন শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ৮:** দেশের শিশু এবং যুবক যুবতীরা যেন যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করে।

**দিন ৯:** আমাদের সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ১০:** বৃদ্ধাশ্রমগুলিতে বয়স্ক লোকদের স্বাস্থ্য ও শান্তির জন্য।

**দিন ১১:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশ স্কুলের দশম শ্রেণীর শিক্ষার্থীরা যেন তাদের চূড়ান্ত পরীক্ষায় অসাধারণ ফল অর্জন করতে পারে।

**দিন ১২:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের অনুষ্ঠানগুলির মাধ্যমে আমরা যেন সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছাতে পারি।

**দিন ১৩:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের সফল গ্রাজুয়েশন সম্পূর্ণ করার জন্য।

**দিন ১৪:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উন্নতির বিষয়ে তাঁর পরম করুণার জন্য।

**দিন ১৫:** বিশ্বের সমস্ত দেশগুলির যুদ্ধের হাত থেকে সুরক্ষার জন্য।

**দিন ১৬:** সারা পৃথিবীর মিশনারী কর্মীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১৭:** সমস্ত দেশগুলির উপর তাঁর আশীর্বাদের জন্য এবং তাদের অর্থনৈতিক উন্নতির জন্য।

**দিন১৮:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে নিরাপত্তার জন্য।

(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)



অমৎসিয় সৈন্যদের ঘরে পাঠিয়ে দিয়েছিলেন

তথাপি শাস্ত্রে আমাদের বলা হয়েছে:

**"সদাপ্রভুর দৃষ্টিতে যা যা ভালো, অমৎসিয় তা-ই করলেন, তবে মনপ্রাণ ঢেলে দিয়ে তা করেননি"**

## (গ) পূর্ণ সমর্পণ ছাড়াই প্রতিশ্রুতিবদ্ধতা!



'সালেম' শব্দটির অর্থ পূর্ণ সমর্থন

অমৎসিয় দুষ্ট এবং বিদ্রোহী ছিলেন না। তিনি তাঁর ধার্মিক পিতা যোয়াশকে অনুসরণ করেছিলেন- তিনি দাউদকে অনুসরণ করেননি, যিনি মনপ্রাণ ঢেলে ঈশ্বরের সেবা করেছিলেন।

তিনি উত্তমরূপে শুরু করেছিলেন,কিন্তু ঈশ্বর উত্তম সূচনাকারীর অন্বেষণ করেন না কিন্তু তিনি উত্তমরূপে সম্পাদনকারীর অন্বেষণ করেন। অমৎসিয় সঠিক কাজ করেছিলেন কিন্তু তিনি মন প্রাণ ঢেলে করেননি।

হিব্রু "সালেম" শব্দটির অর্থ সমগ্র, সম্পূর্ণ, অবিভক্ত, পূর্ণ সমর্পিত।


অমৎসিয়ের সমস্যা ছিল আংশিক বাধ্যতা। তিনি বাহ্যিকভাবে ঈশ্বরকে অনুসরণ করেছিলেন কিন্তু তাঁর হৃদয়ের কিছু জায়গা তিনি স্পর্শহীন রেখেছিলেন।

প্রিয় ভাইবোনেরা, হতে পারে আপনি:

- দশমাংশ দেন
- বিশ্বস্তভাবে সেবা করেন
- নৈতিকভাবে জীবন যাপন করেন

তথাপি আপনি গর্ব, ক্ষমাহীনতা, অভিলাষ, পরনিন্দা, গোপন পাপ, অথবা নিজের নিয়ম আঁকড়ে ধরে থাকতে পারেন।

অভ্যন্তরীণ সমর্পণ ছাড়া বাহ্যিক বাধ্যতা আপনাকে আত্মিক শূন্যতার দিকে পরিচালিত করে। একজন ব্যক্তির মূল গভীরে রোপিত হওয়া এবং উপরে ফল বহন করা উচিৎ।



***One should be deeply rooted and bear fruit upwards***

## ২। সামঝোতা!

**তিনি যা হতে দিয়েছিলেন তা স্পষ্টতঃই তাঁকে ধ্বংস করেছিল!**

২ বংশাবলি ২৫:১১-১৬

**"...উঁচু উঁচু স্থানগুলি অবশ্য সরানো হয়নি..."** (২ রাজাবলি ১৪:৪)।

সামঝোতা সর্বদা ছোট থেকে শুরু হয় - কিন্তু আজ আমরা যা সহ্য করি আগামীকাল তা আমাদের উপর আধিপত্য করে।

## (ক) বিজয়ের পর গর্ব!



অমৎসিয় তাঁর প্রতিমাগুলি ফিরিয়ে এনেছিলেন এবং তাদের আরাধনা করেছিলেন

(ক্রমশঃ,৮ পাতায়)

নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্ত্বে ডিপ্লোমা & Bachelor of Theology

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press - Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
14. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
15. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
16. **Tamil Service : 8.30 a.m. Sunday**
17. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
18. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
19. **Telugu Service : 4.00 p.m. Sunday**
20. **Hindi Service : 5.00 p.m. Sunday**
21. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
22. Feedback Time : 7.30 p.m. Sunday
23. Women's Prayer : 5.30 p.m. Wednesday
24. Hindi Prayer : 7.00 p.m. Wednesday
25. Men's Prayer : 7.30 p.m. Friday
26. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
27. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
28. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
29. Ministers' Meeting : 5.30 p.m. First Saturday
30. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
31. Night Prayer : 9.30 p.m. Third Friday
32. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
33. Holy Communion : Second Sunday Service
34. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
35. Staff Devotion : 9.00 a.m. daily
36. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্বতাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিক্যাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪১টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

**(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)**

**"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)**

## প্রভু যিনি আমাদের দৈন্য অবস্থা গভীরভাবে বিবেচনা করেন!

**আমাদের দৈন্য অবস্থায় তিনি আমাদের স্মরণ করলেন, কারণ তাঁর দয়া অনন্তকাল স্থায়ী।**
গীত ১৩৬:২৩

আমার পরিচর্যাকালীন সময়ের প্রথম দিকে, একবার আমাকে বিদেশে একটি বন্ধুর বাড়ীতে কয়েক দিন থাকতে হয়েছিল। তারা আমার সমস্ত প্রাথমিক প্রয়োজনগুলোর জোগান দিয়েছিলেন এবং আমার থাকার সময়টাকে আরামদায়ক করেছিলেন।

এক সন্ধ্যায়, আমাকে যিনি তাঁর ঘরে থাকতে দিয়েছিলেন তিনি আমার কক্ষে এসেছিলেন এবং বলেছিলেন, "আমি অনুভব করছি যে আপনি কোন একটি বিশেষ প্রয়োজনের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করছেন। আমি কি এই বিষয়ে জানতে পারি?

আপনি কি সেই বিষয়টা আমার কাছে ব্যাখ্যা করবেন? আমি উত্তর দিয়েছিলাম, "আমরা আমাদের পত্রিকা, তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি অন্য ছাপাখানায় মুদ্রিত করছি।

যেহেতু সঠিক সময়ে এটি প্রকাশ করা আমাদের পক্ষে কঠিন হয়ে যাচ্ছে, সেহেতু একটি অফসেট প্রিন্টিং মেশিনের মহান ভারের বিষয় আমি প্রার্থনা করছি।" তিনি বলেছিলেন যে তিনিও ঐ প্রয়োজনের জন্য প্রার্থনা করবেন।

পরদিন, আমি যখন পরিচর্যা কাজের জন্য ঐ গৃহ থেকে সবেমাত্র বের হতে যাচ্ছি, আমার বন্ধু এবং তাঁর স্ত্রী আমার কাছে এলেন। তিনি আমাকে একটি নথি দেখিয়েছিলেন যার মধ্যে তাদের আবেদন পত্রটা অন্তর্ভুক্ত ছিল এবং ব্যাঙ্কের ঘোষণাটা ছিল, যার মধ্যে তাদের বাড়ীটা মর্টগেজ রেখে বিপুল অঙ্কের টাকা লাভ করার তাদের সিদ্ধান্তের বিষয়টা ছিল, যে অর্থ দিয়ে তারা তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটার জন্য একটি প্রয়োজনীয় মেসিন কিনতে চেয়েছিলেন।

আমি চমকে গিয়েছিলাম এবং আমার আত্মায় অস্থির হয়েছিল এবং আমি তাদের দৃঢ়ভাবে বলেছিলাম, "আমি টাকা নেব না যে টাকা আপনারা ব্যাঙ্ক থেকে ঋণ নিতে যাচ্ছেন"।

ঐ পরিবার আমার মনোভাব দেখে আশ্চর্য হয়েছিলেন। তারা বলেছিলেন যে এমন একজন ব্যক্তি, "যে এই পৃথিবীতে টিকে থাকতে জানে না"। কিন্তু আমি আমার সিদ্ধান্তে অবিচল ছিলাম এবং অবিরত প্রার্থনা করছিলাম।

কয়েক দিন পর, আমি ভারতে ফিরে এসেছিলাম। প্রভু আমার দরিদ্র বন্ধুদের হৃদয় অনুপ্রাণিত করেছিলেন এবং তাঁরা তখন এবং এখন আমাকে যে অনুদান দিয়েছিলেন তা দিয়ে আমি একটি উত্তম অফসেট মেসিন কিনতে সক্ষম হয়েছিলাম।

প্রভু যে মঙ্গলময়,তার অভিজ্ঞতা আমি লাভ করেছিলাম এবং তার স্বাদ আমি গ্রহণ করেছিলাম (গীত ৩৪:৮)। হিতোপদেশ ২৮:২০ পদ অনুসারে প্রভুর অনুগ্রহ আমাকে ধরে রেখেছিল। **"বিশ্বস্ত লোক প্রচুর আশীর্ব্বাদ লাভ করবে।"**

তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার জন্য যদিও নিয়মিত নির্দিষ্ট কোনও আয় নেই, প্রভু তাঁর প্রতি বিশ্বাসের মাধ্যমে আমাদের সমস্ত প্রয়োজন মিটিয়ে দেন। সমস্ত গৌরব এবং প্রশংসা তাঁর হোক, আমেন।

---

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

**ইদোমীয়দের পরাজিত করার পর অমৎসিয় তাদের আরাধ্য দেবতাদের মূর্তিগুলি ফিরিয়ে এনেছিলেন এবং তাদের আরাধনা করেছিলেন** (২ বংশাবলি ২৫:১৪)।

**এই বিষয়ে চিন্তা করুন:**

- ঈশ্বর তাঁকে বিজয় দিয়েছিলেন
- গর্ব প্রবেশ করেছিল
- সামঞ্জস্য অনুসরণ করেছিল।

তিনি পরাজিত লোকদের দেবতাকে প্রণাম করেছিলেন। এইভাবেই প্রতারণাপূর্ণ পাপ হতে পারে।

## (খ) সংশোধন প্রত্যাখ্যান!

আগে অমৎসিয় সংশোধন গ্রহণ করেছিলেন। এখন তিনি অহঙ্কারে পূর্ণ হয়ে এটি প্রত্যাখ্যান করেছিলেন।

**"এই সব লোকের যে দেবতারা আপনার হাত থেকে তাদের নিজেদের লোকদেরই বাঁচাতে পারেনি, আপনি তাদের কাছে কেন পরামর্শ চাইছেন?"** (২ বংশা ২৫:১৫)

অমৎসিয় ঔদ্ধত্যের সঙ্গে জবাব দিয়েছিলেন:

**"রাজার পরামর্শদাতা হিসাবে আমরা কি তোমাকে নিযুক্ত করেছি?"** (২ বংশা ২৫:১৬)

তাঁর মনোভাবের মধ্যে কত পার্থক্য! যে মুহূর্তে আমরা ঈশ্বরের সংশোধন শোনা বন্ধ করি, তৎক্ষণাৎ আমাদের বংশ বিনাশের দিকে পরিচালিত হতে শুরু করে।

তিনি বাধ্য হয়েছিলেন যখন এটি তাঁর কাছে সুবিধাজনক ছিল; কিন্তু বাধ্যতা যখন অসুবিধাজনক ছিল তখন তিনি অবাধ্য হয়েছিলেন। তিনি এটি প্রত্যাখ্যান করেছিলেন। এটি পাপ নয় যা আমাদের প্রথমে বিনাশ করে - এটি হচ্ছে ঈশ্বরের সংশোধন গ্রহণ করার বিষয়টিকে অস্বীকার করা। এই বছরে আমার প্রার্থনা হচ্ছে যে ঈশ্বর যেন আমাদের প্রতিটি পদক্ষেপে তাঁর কণ্ঠস্বর শুনতে এবং বিশ্বস্তভাবে তাঁর সমস্ত পথে হাঁটতে সাহায্য করেন।

"ডানদিকে বা বাঁদিকে,তোমরা যেদিকেই **ফেরো,তোমাদের পিছন দিক থেকে তোমরা একটি কন্ঠস্বর শুনতে পাবে,'এই হল পথ; তোমরা এই পথেই চলো"** (যিশাইয় ৩০:২১)।

সর্বোপরি, আমাদের অবশ্যই সম্পূর্ণরূপে সমর্পিত হতে এবং তাঁর পরিচালনামূলক কণ্ঠস্বরের বাধ্য হতে শিখতে হবে।

## গ। সামঝোতা গর্ব, বিদ্রোহ এবং অন্ধত্বের প্রতি পরিচালিত করে!

সামঝোতা এক বিপজ্জনক প্রতিক্রিয়া উৎপন্ন করে।

- গর্ব
- প্রতিমা পূজক
- পরামর্শ প্রত্যাখ্যান
- আত্ম-নির্ভরতা
- সতর্কতাগুলি উপেক্ষা করা
- মূর্খ সিদ্ধান্তগুলি

সমর্পণ ছাড়া প্রতিশ্রুতিবদ্ধতা সর্বদা সামঝোতার দিকে পরিচালিত করে।

## ৩। পরিণতি

**আপনি যা সমর্পণ করেন না তা আপনাকে ধ্বংস করে!**

*২ বংশাবলি ২৫:১৭-২৮*

### (ক) একটি যুদ্ধ যা ঈশ্বর অনুমোদন দেননি!

তাঁর সাফল্যে গর্বিত হয়ে অমৎসিয় ইস্রায়েলের রাজাকে যুদ্ধে চ্যালেঞ্জ জানিয়েছিলেন। ঈশ্বর তাঁর সঙ্গে ছিলেন না।

ঈশ্বর ছাড়া আস্থা বিপজ্জনক। তিনি ধরে নিয়েছিলেন সাফল্য ঈশ্বরের অনুমোদন,ইস্রায়েলের রাজা তাঁকে একটি নীতি গল্পের মাধ্যমে সতর্ক করেছিলেন কিন্তু অমৎসিয় সেটা উপেক্ষা করেছিলেন। একজন ব্যক্তির হৃদয় যখন ঈশ্বরের প্রতি সমর্পিত হয় না, তখন সেই ব্যক্তি প্রত্যেকের কথা শোনা বন্ধ করে দেয়, এমনকি যাকে ঈশ্বর প্রেরণ করেন তার কথাও শোনে না।

### (খ) বিবেচনাপূর্ণ সতর্কতাগুলিকে উপেক্ষা করা!

এমনকি শত্রুও অমৎসিয়ের গর্বের বিষয়টি চিহ্নিত করেছিলেন:

**"আর এখন আপনি গর্বিতমনা ও অহংকারী হয়ে গিয়েছেন। তবে ঘরে বসে থাকুন"** (২ বংশা ২৫:১৯)।

'অহংকার' যখন আমাদের সত্যের প্রতি অন্ধ করে তখন আমরা এমনকি সাধারণ জ্ঞানের বিষয়কেও শোনা বন্ধ করে দিই। প্রভু আমাদের এই মূর্খতা থেকে নিবারিত করুন।

### (গ) অমৎসিয়ের সামগ্রিক ভাঙন!



যিরূশালেমের প্রাচীর ভগ্ন হয়েছিল

- যিরূশালেমের প্রাচীর ভগ্ন হয়েছিল
- মন্দির লুণ্ঠিত হয়েছিল
- তিনি বন্দী হয়েছিলেন
- লজ্জা এবং ষড়যন্ত্রে তাঁর জীবন শেষ হয়েছিল

যে মানুষটী এক সময় প্রতিশ্রুতিবদ্ধ হতে শুরু করেছিলেন, তিনি শেষে সম্পূর্ণ ভগ্ন হয়েছিলেন।

কেন?

কারণ তিনি ন্যায্য কাজ করেছিলেন - কিন্তু তিনি মনপ্রাণ ঢেলে তা করেননি।

তিনি ছোট ছোট সামঝোতার মাধ্যমে ধীরে ধীরে পতিত হয়েছিলেন।

প্রতিশ্রুতিবদ্ধতা..........সামঝোতা......... পরিণতি

## চূড়ান্ত আহ্বান! পূর্ণ সমর্পণ বেছে নিন!

প্রিয় বন্ধুগণ, ঈশ্বর আমাদের কাছে ত্রুটিহীনতা দাবি করেন না-কিন্তু তিনি আমাদের সম্পূর্ণ হৃদয়যুক্ত ভক্তির আহ্বান করছেন।

- প্রতিশ্রুতিবদ্ধতা উত্তম:
- আংশিক সমর্পণ বিপজ্জনক
- সামঝোতা বৃদ্ধি
- পরিণতিগুলি অনুসৃত হবে

ভালোবাসা ও করুণাবশতঃ ঈশ্বর আমাদের আহ্বান করেন :

"যা আপনাকে রক্ষা করতে পারে না কেন তার কাছে যাচ্ছেন? ফিরে আসুন। সম্পূর্ণ সমর্পিত হন।"

যীশু ক্রুশের উপর তাঁর জীবন দিয়েছিলেন যাতে আপনি এবং আমি পূর্ণরূপে সমর্পিত জীবন যাপন করতে পারি।

ঈশ্বরের কাছে ফিরে আসুন - তিনি দুহাত বাড়িয়ে অপেক্ষা করছেন। আসুন আমরা যেন পিচ্ছিল পথে না হাঁটি যা অমৎসিয়কে বিপথগামী করেছিল। এই কারণেই খ্রীষ্ট পৃথিবীতে এসেছিলেন এবং কালভেরীর ক্রুশে তাঁর জীবন দান করেছিলেন, যাতে আপনি এবং আমি উদ্ধার পাই।

**আসুন আমরা গভীরভাবে চিন্তা করি:**

আমরা কি কয়েকটী দিকে প্রতিশ্রুতিবদ্ধ হই কিন্তু অন্য বিষয়গুলিতে সামঝোতা করি?

কি কি "উচ্চস্থলী" আমরা ভগ্ন করিনি—তিক্ততা, গোপন অভ্যাসগুলি, আসক্তি?

আমাদের হৃদয়ের কি কি অংশ সম্পূর্ণরূপে সমর্পিত নয়?

আসুন, আমরা সম্পূর্ণ অনুগত হৃদয়ে-প্রভুর দৃষ্টিতে যা কিছু ন্যায্য তা করার মাধ্যমে ২০২৬ সালটি শেষ করার জন্য সংগ্রাম করি।

*************

## বিজ্ঞপ্তি

**আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন**

(+91) 98410 71858,
(+91) 98412 71858 — সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : S. Sam Selva Raj |
| A/C No. | : 1023 2934 679 |
| IFSC | : SBIN 00 00 249 |
| SWIFT CODE | : SBI NIN BB 455 |

### 2. Bank : ICICI Bank

| | |
|---|---|
| Branch | : Anna Salai, Chennai-6 |
| Name | : Echo of His Call |
| A/C No. | : 6038 0502 2319 |
| IFSC | : ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : Echo of His Call Educational Trust |
| A/C No. | : 1023 2923 805 |
| IFSC | : SBIN 00 00 249 |

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ

*****

E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা  **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফ্টগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 14th FEBRUARY 2026
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**